[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গোলরক্ষক জিয়ানলুইজি দোন্নারুম্মা। তার ক্ষতবিক্ষত রক্তাক্ত মুখের দিকে তাকিয়ে থাকা যায় না। কিন্তু এই কাণ্ড যে ঘটালো, তার বিরুদ্ধে কোন পদক্ষেপই নেয়নি রেফারি। আর তাতেই শুরু হলো সমালোচনা।

বুধবার (১৮ ডিসেম্বর) রাতে ফরাসি লিগ আঁতে মোনাকোর বিপক্ষে ৪-২ গোলে জিতেছে পিএসজি। ম্যাচের ১৭তম মিনিটে দোন্নারুম্মার সঙ্গে এই ঘটনা ঘটে। মোনাকোর মাঠে স্বাগতিক দলের ডিফেন্ডার উইলফ্রিড সিঙ্গোর নেওয়া শট আটকে দিয়েছিলেন দোন্নারুম্মা। তবে ছুটতে থাকা সিঙ্গো নিজের গতি সামলাতে পারেননি। সংঘর্ষ এড়াতে তিনি চেষ্টা করেছিলেন দোন্নারুম্মাকে টপকে যেতে। তখনই ঘটে দুর্ঘটনা।

দোন্নারুম্মাকে টপকে যাওয়ার চেষ্টা করতেই সিঙ্গোর বুটের স্পাইক গিয়ে সরাসরি আঘাত করে পিএসজি গোলকিপারের মুখে। প্রচণ্ড আঘাতে দোন্নারুম্মার গালের অনেকটা অংশই কেটে যায়। রক্তপাত বন্ধ করতে দ্রুত ১০টি স্টাপল করে কাটা অংশ জোড়া দেওয়া হয়। মিনিট পাঁচেক খেলা বন্ধ থাকে। দোন্নারুম্মা মাঠ ছেড়ে বেরিয়ে যাওয়ার পর ফের শুরু হয় খেলা।

আশ্চর্যের বিষয় হলো, এমন মারাত্মক ফাউল করলেও সিঙ্গোকে কোনো কার্ড দেখাননি রেফারি। অবশ্য আগেই একটি হলুদ কার্ড দেখেছিলেন সিঙ্গো। বিষয়টির সমালোচনা করে পিএসজি মারকিনিওস বলেছেন, ‘আমি জানি না রেফারির ঘটনাটা ঠিকমতো দেখেছেন কি না, তবে ভিএআরের হস্তক্ষেপ করা দরকার ছিল। এরকম অবস্থায় লাল কার্ড না দেখানোটাকে বড় সিদ্ধান্তই বলতে হবে।’

সূত্র: ইত্তেফাক

এক ম্যাচ হাতে রেখে সিরিজ জিতলো বাংলাদেশ

জয় দিয়ে টি-টোয়েন্টি সিরিজ শুরু। এক ম্যাচ হাতে রেখে সিরিজ জয়ের সুযোগ আসে বাংলাদেশের সামনে। আর সেই সুযোগ শতভাগ কাজে লাগালো

লিটন দাসের দল। দ্বিতীয় টি-টোয়েন্টিতে ওয়েস্ট ইন্ডিজকে ২৭ রানে হারিয়ে এক ম্যাচ হাতে রেখে সিরিজ নিজেদের করে নিয়েছে লাল-সবুজের প্রতিনিধিরা।

বুধবার (১৮ ডিসেম্বর) সেন্ট ভিনসেন্টে টস জিতে টাইগারদের ব্যাটিংয়ে পাঠান ক্যারিবিয়ান অধিনায়ক রভম্যান পাওয়েল। মেহেদী হাসান মিরাজ, জাকের আলির ছোট্ট ক্যামিওর সঙ্গে শেষ দিকে শামিম পাটোয়ারীর ঝড়ো ব্যাটিংয়ে ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে ১২৯ রান সংগ্রহ করে বাংলাদেশ।

মিরাজ ২৫ বলে ২৬ ও জাকের ২০ বলে ২১ রান করেন। এছাড়া ১৭ বলে ৩৫ রানে অপরাজিত থাকেন শামিম। ওয়েস্ট ইন্ডিজের পক্ষে গুড়াকেশ মোতেই নেন ২টি উইকেট।

১৩০ রানের টার্গেটে ব্যাট করতে নেমে দলীয় ১৯ রানের মধ্যে জোড়া উইকেট হারায় ওয়েস্ট ইন্ডিজ। ব্রান্ডন কিং বলে ৮ ও রানের খাতা খোলার আগেই সাজঘরে ফিরে যান আন্দ্রে ফ্লেচার। দুজনকেই আউট করেন তাসকিন।

এরপর ক্যারিবিয়ান শিবিরে জোড়া আঘাত হানেন মেহেদী। ১২ বলে ১৪ রান করে জনসন চার্লস ও ৮ বলে ৫ রান করে নিকোলাস পুরান আউট হন। দ্রুতই আরও জোড়া উইকেট হারিয়ে ম্যাচ থেকে অনেকটা ছিটকে যায় ক্যারিবিয়ানরা। পাওয়েল ৭ বলে ৬ ও রোমারিও শেফার্ড রানের খাতা খোলার আগেই সাজঘরে ফিরে যান।

রস্টন চেজ ও আকিল হোসেন লড়াই করার চেষ্টা করেন। তবে তারা আউট হলে দ্রুত উইকেট হারিয়ে ১৮ ওভার ৩ বলে ১০২ রানে গুটিয়ে যায় ওয়েস্ট ইন্ডিজ। চেজ ৩৪ বলে ৩২ ও আকিল ৩১ বলে ৩১ রান করেন। বাংলাদেশের পক্ষে তাসকিন নেন ৩টি উইকেট।

সূত্র: ইত্তেফাক

ঝিনাইদহে বয়স ভিত্তিক ক্রিকেট প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত

ঝিনাইদহে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৪-২৫ এর আওতায় জেলা ক্রীড়া অফিসের আয়োজনে বয়স ভিত্তিক ক্রিকেট প্রতিযোগিতার ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে ঝিনাইদহ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ প্রতিযোগিতার ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত খেলায় নবগঙ্গা দল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হওয়ার গৌরভ অর্জন করে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) সজল কুমার দাস।

সেসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক গোলক মজুমদার, জেলা কালচারাল অফিসার জসিম উদ্দিনসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা। এছাড়াও ক্রীড়া সংশ্লিষ্ট বিভিন্ন ব্যক্তিবর্গ প্রতিযোগিতার ফাইনাল খেলার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

টুর্নামেন্টটি পরিচালনার দায়িত্বে ছিলেন ঝিনাইদহ ক্রিকেটার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন অব বাংলাদেশ (কোয়াব)।

উল্লেখ্য, গত ০৮ নভেম্বর বয়স ভিত্তিক ক্রিকেট প্রতিযোগিতার খেলা শুরু হয়। এতে ঝিনাইদহ জেলার অনূর্ধ্ব-১৪, ১৬ ও ১৮ বছর বয়সী খেলোয়াড়বৃন্দ যথাক্রমে পদ্মা, মেঘনা, যমুনা ও নবগঙ্গা ৪টি দলে বিভক্ত হয়ে এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিল।

[redacted]

[redacted]

জয় দিয়ে নারী অনূর্ধ্ব ১৯ এশিয়া কাপ নারী ক্রিকেটদের

মহান বিজয় দিবসে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে টাইগারদের জয়ের পর মেয়েদের অনূর্ধ্ব ১৯ ক্রিকেট দলও শ্রীলঙ্কারে বিপক্ষে জয় পেয়েছে। সোমবার (১৬ ডিসেম্বর) মালয়েশিয়ার কুয়ালালামপুরে নারী অনূর্ধ্ব ১৯ এশিয়া কাপে গ্রুপ পর্বে নিজেদের প্রথম ম্যাচে শ্রীলঙ্কাকে ২৮ রানে হারিয়েছে বাংলাদেশ।

বৃষ্টির কারণে ১৭ ওভারে নেমে আসা ম্যাচে প্রথমে ব্যাট করে বাংলাদেশ তোলে ৯ উইকেটে ১২২ রান। রান তাড়া করতে নেমে শ্রীলঙ্কার ইনিংস থামে ৮ উইকেটে ৯৪ রানে।

ম্যাচটিতে শ্রীলঙ্কা ৭ ওভারেই তুলে ফেলেছিল ২ উইকেটে ৪৭ রান। তবে ফারজানা ইয়াসমিন, সুমাইয়া আক্তারদের আঁটসাট বোলিংয়ে রানের গতি হারিয়ে ধারাবাহিকভাবে উইকেটও হারাতে শুরু করে শ্রীলঙ্কা। শেষ পযন্ত অলআউট না হলেও রান আটকে থামে শতকের নিচেই।

অধিনায়ক সুমাইয়া ১২ রানে ৩টি এবং ফারজানা ও নিশিতা আক্তার ২টি করে উইকেট নেন।

এর আগে টস হেরে ব্যাট করতে নামা বাংলাদেশের রান একশ’র ওপরে নিয়ে যায় চারটি ছোট ছোট ইনিংস। সাতে নামা সাদিয়া আক্তার করেন সর্বোচ্চ ২৫ বলে ৩১ রান। তার ইনিংসে ছিল তিনটি ছক্কা। এছাড়া আফিয়া আশিমা ২৩ বলে ২৫, সুমাইয়া আক্তার ২১ বলে ২৪, এবং মোসাম্মৎ ইভা ১৯ বলে ১৮ রান করেন।

টুর্নামেন্টে বাংলাদেশের পরের ম্যাচ আগামীকাল স্বাগতিক মালয়েশিয়ার বিপক্ষে। ৬ দলের এশিয়া কাপে দলগুলো দুটি গ্রুপে ভাগ হয়ে খেলছে। অপর গ্রুপে আছে ভারত, পাকিস্তান ও নেপাল। গ্রুপের সেরা দুটি করে দল সুপার ফোরে উঠবে।

এর আগে সোমবার সকালে ক্যারিবিয়ানে সেন্ট ভিনসেন্টের কিংসটাউনের আর্নস ভেল স্টেডিয়ামে ওয়েস্ট ইন্ডিজকে ৭ রানে হারিয়েছে বাংলাদেশ দল। সিরিজের প্রথম টি-টোয়েন্টিতে আগে ব্যাট করে ৬ উইকেট হারিয়ে ১৪৭ রান করে বাংলাদেশ। জবাবে ১৯.৫ ওভারে ১৪০ রানে থামে ক্যারিবীয়রা। এতে ৬ বছর পর ওয়েস্ট ইন্ডিজকে টি-টোয়েন্টিতে

হারালো বাংলাদেশ।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুর পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টে ৯ নং ওয়ার্ড চ্যাম্পিয়ন

মেহেরপুর পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলার আয়োজন করা হয়েছে। আজ রবিবার দুপুরে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে এই টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

এ সময় একদিকে অংশগ্রহণ করে ২ নাম্বার ওয়ার্ড অপরদিকে অংশ গ্রহণ করে ৯ নম্বর ওয়ার্ড। ২ নাম্বার ওয়ার্ড প্রথমে ব্যাটে গিয়ে ৯০ রানের টার্গেটে ৯ নম্বর ওয়ার্ড জয় লাভ করে।

মেহেরপুর পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ন আহবায়ক জাহাঙ্গীর বিশ্বাসসহ অঙ্গসংগঠনের বিভিন্ন নেতাকর্মীরা।

এ সময় মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন পুরস্কার বিতরণের মধ্য দিয়ে মেহেরপুর পৌর ওয়ার্ল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলা সমাপ্তি করেন।

উল্লেখযোগ্য মেহেরপুর পৌর গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্টে মেহেরপুর পৌরসভার ৯টি ওয়ার্ড থেকে ৯টি দল অংশগ্রহণ করে। এই মেহেরপুর পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের আয়োজনকে ঘিরে মেহেরপুর পৌরসভার প্রত্যেকটি ওয়ার্ডের বাসিন্দাদের মধ্যে ব্যাপক উদ্দীপনা দেখা গেছে।

হেড-স্মিথের সেঞ্চুরিতে কোণঠাসা ভারত

অস্ট্রেলিয়া-ভারতের মধ্যকার তৃতীয় টেস্টের প্রথম দিনে বাগড়া দিয়েছিল বৃষ্টি। খেলা হয় মাত্র ৮০ বল। তবে দ্বিতীয় দিনে খেলা হয়েছে পুরো তিন সেশন। এ দিন ভারতীয় বোলারদের বেধড়ক পিটিয়ে সেঞ্চুরি তুলে নিয়েছেন ট্রাভিস হেড ও স্টিভেন স্মিথ। তাদের ব্যাটে ভর করে চারশো পেরিয়ে গেছে অস্ট্রেলিয়া।

বিনা উইকেটে ২৮ রান নিয়ে খেলতে নেমে শুরুতেই দুই ওপেনারকে হারায় অজিরা। উসমান খাজা ২১ ও ম্যাকসুয়েনি ৯ রান করে আউট হন। তাদের দুজনকেই সাজঘরে ফেরান জসপ্রীত বুমরাহ।

তাদের বিদায়ের পর সুবিধা করতে পারেননি মার্নাস লেবুশানে। দলীয় ৭৫ রানে ৫৫ বলে ১২ রান করে আউট হন তিনি। এরপর হেডকে সঙ্গে নিয়ে দলের হাল ধরেন স্মিথ। ভারতীয় বোলারদের ওপর চড়াও হন এই দুই ব্যাটার।

দুজনেই তুলে নেন সেঞ্চুরি। হেড ১১৫ ও স্মিথ ১৮৩ বলে ম্যাজিক ফিগারের দেখা পান। ২৪১ রানের জুটি গড়েন তারা। দলীয় ৩১৬ রানে ১৯০ বলে ১০১ রান করে আউট হন স্মিথ। অন্যদিকে ব্যাট চালিয়ে দেড়শো পূর্ণ করেন হেড। আউট হওয়ার আগে ১৬০ বলে ১৫২ রান করেন তিনি।

শেষ পর্যন্ত দ্বিতীয় দিন শেষে ১০১ ওভারে ৭ উইকেট হারিয়ে ৪০৫ রান সংগ্রহ করেছে অজিরা। অ্যালেক্স ক্যারি ৪৫ ও মিচেল স্টার্ক ৭ রানে অপরাজিত আছেন। হেড-স্মিথের তাণ্ডবের মধ্যে ৫ উইকেট শিকার করেছেন বুমরাহ।

সূত্র: ইত্তেফাক

ঝিনাইদহে পিপিএল’র পর্দা উঠছে আগামী ১৬ ডিসেম্বর

ঝিনাইদহে প্রতি বছরের ন্যায় এবারো শুরু হচ্ছে পবহাটি প্রিমিয়ার লীগ (পিপিএল)’র চতুর্থ আসর। আগামী সোমবার (১৬ ডিসেম্বর) থেকে এই লীগ শুরু হচ্ছে।

এ উপলক্ষ্যে ঝিনাইদহ প্রেসক্লাবে এক সংবাদ সম্মেেলেনর মাধ্যমে লীগের গ্রুপ নির্ধারণ ও ট্রফি উন্মোচন করা হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন পিপিএল’র আহবায়ক মোস্তাক আহম্মেদ। এ সময় ক্রীড়াবিদ শাহ মোহাম্মদ আব্দুল্লাহ, জজ আদালতের এপিপি সরদার মনিরুল ইসলাম মিল্টন, সাংস্কৃতিক কর্মী নাজিম উদ্দিন জুলিয়াস, প্রিমিয়ার লীগের সদস্য সচিব এ্যাড. আনোয়ার হোসেন চাঁদ, রোকনুজ্জামান, এমদাদুল ইসলাম, আব্দুর রাকিব, রাসেল রানা ও সানজিদ শুভ্রসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে আয়োজকরা জানায়, আগামী ১৬ ডিসেম্বর শহরের পবহাটি বলফিল্ডে জমকালো ও বর্নাঢ্য আয়োজনের মধ্য দিয়ে এ প্রিমিয়ার লীগের উদ্বোধন করা হবে। ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এ্যাড এম এম মজিদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

এতে জেলার বিভিন্ন উপজেলার ২৪ টি দল ৮ টি গ্রুপে অংশ গ্রহন করছে। ২৭ ডিসেম্বর রাতে ফাইনাল খেলার মাধ্যমে পবহাটি প্রিমিয়ার লীগ শেষ হবে। লীগের সহযোগী প্রতিষ্ঠান হিসেবে সিও বাংলাদেশ, রাবেয়া হাসপাতাল, শান্দা এগ্রো, জাপানিজ ল্যাংগুয়েজ, ইউনাইটেড ডায়াগোনেস্টিক সেন্টার, রায়হান মটরস ও কার ট্রেড স্পন্সর করছে।

ফিফা র্যাঙ্কিংয়ে বড় লাফ

বাংলাদেশের মেয়েদের

চলতি বছরের অক্টোবরে টানা দ্বিতীয়বারের মতো সাফ চ্যাম্পিয়নশিপের শিরোপা জেতে বাংলাদেশ নারী ফুটবল দল। এর মধ্যেই র্যাঙ্কিংয়ে এসেছে বড় সুখবর। নারী ফুটবলের হালনাগাদ ফিফা র্যাঙ্কিংয়ে ৭ ধাপ এগিয়েছে বাংলাদেশ।

নারী ফুটবলের র্যাঙ্কিংয়ে বাংলার বাঘিনীদের অবস্থান এখন ১৩২ নম্বরে। সর্বশেষ আগস্টে ১৩৯–এ ছিল লাল-সবুজের প্রতিনিধিরা। বর্তমান র্যাঙ্কিংয়ে দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে বাংলাদেশ আছে তৃতীয় স্থানে। সাবিনা-সানজিদাদের ওপরে অবস্থান ভারত ও নেপালের।

সাফের ফাইনালে বাংলাদেশের কাছে হারা নেপাল র্যঙ্কিংয়ে ৪ ধাপ পিছিয়েছে। তাদের বর্তমান অবস্থান ১০৪। আর ভারত এক ধাপ পিছিয়ে এখন ৬৯-এ। বাংলাদেশের পর আছে পাকিস্তান (১৫৭), শ্রীলঙ্কা (১৫৮), মালদ্বীপ (১৬৩) ও ভুটান (১৭২)।

২০২৪ সালের সর্বশেষ র্যাঙ্কিংয়ে নারী ফুটবলের ১ নম্বর দল যুক্তরাষ্ট্র, আগেও শীর্ষে ছিল তারা। এক ধাপ করে এগিয়ে দুই ও তিনে উঠেছে যথাক্রমে স্পেন ও জার্মানি। ইংল্যান্ড দুই ধাপ পিছিয়ে চারে।

সূত্র: ইত্তেফাক